‘ভাগাভাগি কমিশনে’ সুষ্ঠু ভোট সম্ভব নয়: হাসনাত আব্দুল্লাহ



সংগৃহীত ছবি

এনসিপির দক্ষিণাঞ্চলীয় প্রধান সংগঠক হাসনাত আব্দুল্লাহ অভিযোগ করেছেন, নির্বাচন কমিশন এখন আর নিরপেক্ষ অবস্থানে নেই, বরং অভ্যন্তরীণভাবে বিভক্ত হয়ে পড়েছে। শনিবার (১ নভেম্বর) সকালে বরগুনায় দলীয় কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে আয়োজিত এক সমন্বয় সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

হাসনাত বলেন, “নির্বাচন কমিশনের প্রতীক সংযুক্তিকরণ ও অনুমোদনের বিষয়টি এখন সম্পূর্ণভাবে নিয়ন্ত্রিত ও একতরফা পদ্ধতিতে পরিচালিত হচ্ছে—যা এক ধরনের মধ্যযুগীয় মানসিকতার প্রতিফলন।”

তিনি আশঙ্কা প্রকাশ করে আরও বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিয়ে এখন প্রশ্ন তৈরি হয়েছে। কমিশন তার নিরপেক্ষ অবস্থান থেকে সরে গিয়ে স্বেচ্ছাচারীভাবে কাজ করছে বলে দাবি করেন তিনি।

জুলাই সনদ বাস্তবায়ন প্রসঙ্গে হাসনাত অভিযোগ করেন, “বিভিন্ন রাজনৈতিক দল ইচ্ছাকৃতভাবে সনদ বাস্তবায়নে টালবাহানা করছে। এনসিপিকে শাপলা প্রতীক না দিলে নির্বাচন কমিশনকে তার যুক্তিসঙ্গত ব্যাখ্যা দিতে হবে।”

তিনি আরও বলেন, “৫ আগস্টের আগে শেখ হাসিনার আমলে রাষ্ট্রীয় কাঠামো জবাবদিহিতাহীন ছিল। এখন জনগণ পরিবর্তনের প্রত্যাশায়।”